


কারিগরি ও প্রযুক্তি জ্ঞান অর্জনে টিআইসিআই'র প্রশিক্ষণ

দেশে ক্রমাগত বেকারত্ব বাড়তেও আধুনিক প্রযুক্তি এবং দক্ষ কারিগরি জ্ঞানসম্পন্ন মানুষের রয়েছে অভাব। এছাড়া বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিদের মাঝেও আধুনিক প্রযুক্তি জ্ঞানের অভাব রয়েছে। টিআইসিআই (বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রি কর্পোরেশন) এই অভাব পূরণে ও শিল্পোৎপাদনের বিভিন্ন পর্যায়ে আধুনিক প্রযুক্তি ও কারিগরি জ্ঞানসম্পন্ন মানুষ তৈরি করতে চালু করেছে আধুনিক শিল্প প্রশিক্ষণ কার্যক্রম। এছাড়া ঢাকার অদূরে নরসিংদীর পলাশে প্রতিষ্ঠা করা হয়েছে টিআইসিআই (ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রি)। ১৯৯০ সালে বাংলাদেশ সরকার এবং সেনার্সগ্যাভের যৌথ অর্থনৈতিক এবং কারিগরি সহযোগিতায় ১৪ একর জমির উপর প্রতিষ্ঠিত এই ইনস্টিটিউট আধুনিক ইনস্ট্রুমেন্ট এবং বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত একদল দক্ষ প্রকৌশলী দ্বারা পরিচালিত হয়ে আসছে। এখন পর্যন্ত এটিই দেশের একমাত্র এবং প্রথম ইন্ডাস্ট্রিয়াল প্রশিক্ষণ ইনস্টিটিউট। সাম্প্রতিক বছরগুলোতে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শত শত প্রকৌশলী ও বিভিন্ন পর্যায়ে কর্মরত ব্যক্তিদের প্রশিক্ষণ ছাড়াও বাংলাদেশ সেনাবাহিনীর ইঞ্জিনিয়ারিং কোর্স এবং বাহকালান পিট্রানি ও প্রযুক্তি বিকল্পবিদ্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্রছাত্রীদের বিশেষ প্রশিক্ষণ নিয়ে আসছে। যে বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হয়। শিল্পের বিভিন্ন পর্যায়ের উৎপাদন পদ্ধতি কারিগরি কলা কৌশল, আধুনিক যন্ত্র সশস্ত্র জ্ঞান, মেসারামত, ও মাননিয়ন্ত্রণ। এছাড়াও উৎপাদনের সাথে সংশ্লিষ্ট সকল প্রকার প্রত্যক্ষ এবং পরোক্ষ কার্যক্রমের উপর প্রশিক্ষণ দেয়া হয়।

ভিত্তি করে প্রশিক্ষার্থীদের তিন ভিন্ন কোর্সে অঙ্গাঙ্গভাবে প্রশিক্ষণ দেয়া হয়। যেমন- Long Course, UPgradation and refresher course, Special Course, Long Course-এর মধ্যে প্রাক্তন ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি (এআইটি) কোর্সে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা বিএসসি, ইঞ্জিনিয়ারিং অথবা এমএসসি ডিগ্রী থাকতে হবে।



এই কোর্সের মেয়াদ এক বছর। ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি (আইটি) র জ্ঞান প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা বিএসসি/আইডিআইসি ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকতে হবে। কোর্সের মেয়াদ এক বছর। বেসিক ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি র (বিআইটি) জ্ঞান/শিক্ষাগত যোগ্যতা এইচএসসি (বিজ্ঞান) অথবা দুই বছরের ট্রেডকোর্স ও এসএসসি পাস হতে হবে। মেয়াদ এক বছর। UPgradation and Refresher Course-এর মধ্যে ইন্ডাস্ট্রিয়েল টেকনোলজি ১ কোর্সে প্রার্থীদের

যোগ্যতা হিসাবে ধরা হয় ডিগ্রিয়ার এবং মিডলেভেল অফিসার। কোর্সের মেয়াদ ১৬ সপ্তাহ। ইন্ডাস্ট্রিয়েল টেকনোলজি ২ কোর্সে প্রার্থীর যোগ্যতা ডিট অপারেটর অথবা টেকনিশিয়ান। কোর্সের মেয়াদ ১৬ সপ্তাহ। ইন্ডাস্ট্রিয়েল টেকনোলজি ৩। যোগ্যতা টেকনিশিয়ান। মেয়াদ ১৬ সপ্তাহ। UPgradation Courses on Specific Subject যোগ্যতা কর্মরত অফিসার অথবা অপারেটর অথবা টেকনিশিয়ান। মেয়াদ ১-৪ সপ্তাহ। এছাড়াও রয়েছে Special Courses। এই কোর্সের মাধ্যমে কোন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তি তার নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে সরাসরি প্রশিক্ষণ গ্রহণ করতে পারেন। উচ্চের সকল প্রকার প্রশিক্ষণের জন্য ইনস্টিটিউটকে নির্ধারিত কি/অনান করাতে হয়। তবে বেসিক ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি (বিআইটি) কোর্সে ছাত্রছাত্রীদের প্রশিক্ষণকালীন বৃত্তিপ্রদান করা হয়। প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণকালীন সময়ে হোটেলের সুন্দর মানের পরিবেশ থাকার ব্যবস্থা আছে। যোগাযোগের সময়: Long Course-এর জন্য বছরের জানুয়ারী মাসের প্রথম দিকে। UPgradation and Refresher Course-এর Special Course-এর জন্য বছরের মে মাসের নিম্নপরিষিত/টিকানায় যোগাযোগ করতে পারেন। Training Institute for Chemical Industries (Central Training Institute of Bangladesh Chemical Industries Corporation) Palash, Narsingdi, 1611. Tel: 9352485, 9352308+Extn. Fax: 9351226. E-mail: tici@bith.net.bd

আবু ইসা খান